



কলাবাগানে ডিপ ফ্রিজ থেকে নারীর মরদেহ উদ্ধার, পলাতক স্বামী নজরুল



সংগৃহীত ছবি

রাজধানীর কলাবাগানে এক নারীর মরদেহ উদ্ধার করেছে পুলিশ। অভিযোগ, স্বামী নজরুল ইসলাম তাকে হত্যা করে মরদেহ ডিপ ফ্রিজে লুকিয়ে রাখেন। ঘটনার পর থেকে নজরুল পলাতক। নিহতের পরিবার দ্রুত বিচার দাবি করেছে।

রাজধানীর কলাবাগান প্রথম লেনের একটি বাসায় চাক্ষুণ্যকর হত্যাকাণ্ডের ঘটনা ঘটেছে। সোমবার (১৩ অক্টোবর) রাত সাড়ে ১১টার দিকে একটি ডিপ ফ্রিজ থেকে উদ্ধার করা হয় গৃহবধূ তাসলিমা আক্তার (৩৫)-এর মরদেহ।

কলাবাগান থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ফজলে আশিক জানিয়েছেন, লন্ডন কলেজের পাশের একটি বাসায় অভিযান চালিয়ে মুখ বাঁধা অবস্থায় মরদেহ উদ্ধার করা হয়েছে। তাসলিমার শরীরে একাধিক আঘাতের চিহ্ন পাওয়া গেছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, তাকে হত্যা করে লাশ ডিপ ফ্রিজে রেখে যায় তার স্বামী নজরুল ইসলাম। নিহতের মেয়ে অভিযোগ করেছে, তার বাবা দীর্ঘদিন ধরে মাদকাসক্ত ছিলেন এবং প্রায়ই মা-বাবার মধ্যে ঝগড়া হতো। গতরাতে তাসলিমাকে হত্যা করে নজরুল সকালে মেয়েদের বোনের বাড়িতে পৌঁছে দিয়ে পালিয়ে যায়।

পরে খবর পেয়ে পুলিশ বাসার তাল্লা ভেঙে ডিপ ফ্রিজ থেকে মরদেহ উদ্ধার করে।

এ ঘটনায় নিহতের পরিবারের পক্ষ থেকে থানায় মামলা দায়ের করা হয়েছে। তারা অভিযুক্ত নজরুল ইসলামকে দ্রুত গ্রেপ্তার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন।